

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা  
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৬ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: বটিয়াঘাটা

জেলা: খুলনা

তারিখ: ২৬-০২-২০২৬

বুলেটিন নম্বর: ১২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২৩.০২.২০২৬ থেকে ২৫.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৩-০২-২০২৬	২৪-০২-২০২৬	২৫-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩৩	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৪	১৫	১৬
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৩	৫৭	৪৮
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৫	১৩	১৬
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৬.০২.২০২৬ থেকে ০১.০৩.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৬-০২-২০২৬	২৭-০২-২০২৬	২৮-০২-২০২৬	০১-০৩-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩১	৩৩	৩৫
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৩	১৩	১৭	১৭
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৪৭	৬৮	৭২	৭০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৩	১৬	১৭	২০
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ২৬ ফেব্রুয়ারী ২০২৬ – ০১ মার্চ ২০২৬

তরমুজ: বীজ পত্র অবস্থা:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ অবস্থায় ৬-৭টি পাতায় পরিনত হওয়ার পর কান্ড বাড়তে শুরু করে। অনুকূল আবহাওয়ায় বীজ পত্র থেকে শুরু করে কান্ড বাড়ার পর্যন্ত বিভিন্ন রোগ দেখা দিয়ে থাকে। অঙ্কুরোদগম থেকে বীজ পত্র পর্যন্ত রেড পামকিন পোকাকার আক্রমণ দেখা দিতে পারে। ৩-৪ পাতা থেকে ফসল সংগ্রহ পর্যন্ত থ্রিপস ও লালমাকড় এর আক্রমণ দেখা দিতে পারে। অনুমোদিত কীটনাশক ও ছাত্রাক নাশক অনুমোদিত মাত্রায় স্প্রে করুন।

ভুট্টা: পর্যায় অগজ বৃদ্ধি:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। বর্তমান আবহাওয়ায় মাটির আর্দ্রতা সংরক্ষণের জন্য ভুট্টা ফসলের ক্ষেতে নিয়মিত সেচ দিন। ভুট্টার অগজ বৃদ্ধির সময় বিশেষত ৩-৫ এবং ৮-১০ পাতার পর্যায়ে জমিতে পর্যাপ্ত রস বা পানি না থাকলে বৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে কমে যেতে পারে। যেখানে সেচ দেওয়া সম্ভব নয় সেখানে খড়ের মালচিং এর ব্যবস্থা করুন।

ডাগন ফল:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। দুই বছরের পুরোনো ডাল কেটে ফেলতে হবে এবং জৈব সার যতটা পারা যায় প্রয়োগ করতে হবে। টিএসপি আর অন্যান্য সার পূর্ণ মাত্রায় প্রয়োগ করতে হবে।